গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্য বিবরণী নম্বর - ১৭০

# রাজশাহীতে জেলা তথ্য অফিসের 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৬ পৌষ (২১ ডিসেম্বর) :

আজ রবিবার (২১ ডিসেম্বর) সকালে রাজশাহী জেলা তথ্য অফিসের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে তারুণ্য নির্ভর নতুন বাংলাদেশ গঠনে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শীর্ষক আলোচনা সভা ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার।

প্রধান অতিথির বক্তব্যে আফিয়া আখতার বলেন, আমাদের জুলাইযোদ্ধা ও জুলাইআহত যারা আছেন তারা বিভিন্ন কাজের মাধ্যমে মূলধারায় আসতে চান। সেক্ষেত্রে আমাদের টিবিসিগুলো এবং সরকারি দপ্তরগুলো আছে যারা তরুণদের নিয়ে কাজ করছে, তরুণদেরকে বিভিন্ন কর্মে নিয়োজিত করতে উৎসাহিত ও সহযোগিতা করছে।

তিনি বলেন, জুলাইযোদ্ধাদের কাজে লাগানোর একটি সুযোগ এসেছে। সরকারিভাবে একটি নির্দেশনা রয়েছে তারা যদি কোনো প্রশিক্ষণের বিষয়ে আগ্রহ প্রকাশ করে তাহলে অবশ্যই তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে এবং সেই প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। এসময় তিনি ক্ষুদ্রঋণ বা অন্য যেকোনোভাবে তাদেরকে সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন।

রাজশাহী জেলা তথ্য অফিসের পরিচালক তাজকিয়া আকবারী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মো. শরিফুল ইসলাম। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

আলোচনা সভার শুরুতে জুলাই গণ-অভ্যুত্থান এবং ত্রয়োদশ সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

.....................................................................

আলীম/স্মিতা/২০২৫/১৯:২০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd